

নয়া দিগন্ত

মাতৃ

ঢাকা, বুধবার, ৭ মে ২০০৮, ২৪ বৈশাখ ১৪১৫, ১ জমাদিউল আউয়াল ১৪২৯

আজকের

- প্রথম পাতা
- শেষের পাতা
- সম্পাদকীয়
- উপসম্পাদকীয়
- নগর-মহানগর
- বাংলার দিগন্ত
- ক্রীড়া দিগন্ত
- অর্থ শিল্প-বাণিজ্য
- অন্য দিগন্ত
- আজকের কম্পিউটার
- চিঠিপত্র
- নিত্যদিন
- বিনোদন সারাদিন
- বিভাগ পরিক্রমা

আজকের কম্পিউটার

আজকের কম্পিউটার

যশোরের বিরামপুরে কম্পিউটার সাক্ষরতা কর্মসূচি

যশোরের বিরামপুরে কম্পিউটার সাক্ষরতা কর্মসূচি

যশোরের শীলা রায় চৌধুরী মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার সাক্ষরতা কর্মসূচি চালু করেছে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান ডেভেলপমেন্ট রিসার্চ নেটওয়ার্ক [ডি.নেট]। সম্প্রতি এ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন যশোরের জেলা প্রশাসক আবুয়াল হোসেন। যশোর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জাহানারা বেগমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শীলা রায় চৌধুরী মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও বিশিষ্ট সমাজসেবক বিমল রায় চৌধুরী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নওয়াপাড়া ইউনিয়নের চেয়ারম্যান শহীদুল ইসলাম মিলন, ডি.নেটের প্রকল্প সমন্বয়কারী অজয় কুমার বসু। ডি.নেটের প্রতিনিধি মোঃ মোশারফ হোসেন, আবুল কালাম আজাদ, নাইমুল হক, আশরাফি ফেরদৌসীসহ বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সদস্য, অভিভাবকবৃন্দ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উল্লেখ্য, বাংলাদেশের সুবিধাবঞ্চিত শিশু-কিশোর ও তরুণ সম্প্রদায়কে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিপুল সম্ভাবনার সাথে পরিচয় করিয়ে দেয়া 'কম্পিউটার সাক্ষরতা কর্মসূচি'র মূল উদ্দেশ্য। যুক্তরাষ্ট্রভিত্তিক ভলান্টিয়ার্স অ্যাসোসিয়েশন ফর বাংলাদেশের [ভাব] উদ্যোগে কর্মসূচিটি বাস্তবায়ন করা হচ্ছে যার পরিচালনায় রয়েছে ডি.নেট। এই কর্মসূচির মাধ্যমে শিক্ষার্থীদের ৪০ ঘণ্টা মেয়াদি কম্পিউটার প্রশিক্ষণ দেয়া হয়। পর্যায়ক্রমে এলাকার সুবিধাবঞ্চিত শিক্ষিত বেকারদেরকেও প্রশিক্ষণ প্রদান করার ব্যবস্থা করা হয়। এ ছাড়া এ কর্মসূচির কম্পিউটারসমূহে সাধারণ মানুষের জীবনযাপন সংশ্লিষ্ট কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, আইন, সচেতনতা, অকৃষি উদ্যোগ, লাগসই প্রযুক্তি, দুর্যোগ ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে তথ্যভাণ্ডার রয়েছে। এর আগে বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে ডি.নেটের গুণীজন কার্যক্রমের ওপর একটি সিডি ও ওয়েবসাইট প্রদর্শন করা হয় এবং কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। এই কেন্দ্র উদ্বোধনের মাধ্যমে ডি.নেটের ব্যবস্থাপনায় ১০১টি কম্পিউটার সাক্ষরতা কেন্দ্রের উদ্বোধন হলো। প্রতিবেদক

HOME E-MAIL TOP

পুরনো পত্রিকা

রম্য
ম্যাগাজিন

সম্পাদক : আলমগীর মহিউদ্দিন

প্রকাশক : শামসুল হুদা কর্তৃক ১৬৭/২-ই, ইনার সার্কুলার রোড, ইডেন কমপ্লেক্স মতিঝিল, ঢাকা-১০০০

থেকে প্রকাশিত এবং দিগন্ত প্রিন্টার্স হতে মুদ্রিত। ফোন : ৯১০১৩৮৩-৪, ৯১০১৯৫৬, ৯১০২৪৪১ ই-মেইল : [সম্পাদক](#), [নির্বাহী সম্পাদক](#), [বার্তা বিভাগ](#), [ফিচার বিভাগ](#)

[If you face any problem please click here](#)